

কলেজ জাতীয়করণ

সাধারণ শিক্ষা ব্যবস্থায় কলেজগুলোকে পর্যায়ক্রমে জাতীয়করণ করার পরিকল্পনা সরকারের রয়েছে। এপ্রেক্ষিতে মহকুমা কলেজগুলোকে অগ্রাধিকার দেয়া হয়েছে। ইতিমধ্যে এর দু'টি পর্যায়ে অধিকাংশ মহকুমা কলেজ ও জেলা পর্যায়ের মহিলা কলেজগুলোকে জাতীয়করণ করা হয়েছে। এ বছরও অর্থাৎ ১৯৮০-৮১ শিক্ষা বর্ষে

আমরা আশা করেছিলাম অনুরূপ একটি পর্যায়ে কিছু কলেজকে জাতীয়করণ করা হবে। কেননা এখনও মহকুমা পর্যায়ের কিছু কলেজ এবং জেলা পর্যায়ের কিছু মহিলা কলেজকে জাতীয়করণ করা হয়নি। এ ছাড়া অন্যান্য কলেজ তো আছেই। কিন্তু এখনও এরূপ কোন পর্যায় ঘোষণা না হওয়ায় আমরা হতাশ হয়েছি। তাই এ বছরেও কিছু কলেজকে জাতীয়করণ ঘোষণা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকটে আবেদন করছি।

— মোঃ আসহাব উদ্দিন,
অধ্যাপক, মকবুলার রহমান
কলেজ পঞ্চগড়, দিনাজপুর।